

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৪, ২০১৬

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ কার্টক ১৪২৩ বঙ্গাব্দ/ ১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৯-আইন/২০১৬—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০ এর উপধারা (১)(খ), ধারা ৩৫ এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

- (ক) দফা (৩) এ "২০১০" সংখ্যার পরিবর্তে "২০১৬" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;
(খ) দফা (১৭) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১৭) "প্রার্থী" অর্থ কোন সিটি কর্পোরেশনের—

- (ক) মেয়র পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং
(খ) কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপ্ত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;"

(১৬১১৫)
মূল্য : টাকা ৩০.০০

(গ) দফা (২৭) এর পর নিম্নরূপ নৃতন দফা (২৭ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২৭ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;";

(ঘ) দফা (৩১) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নৃতন দফা (৩২) সংযোজিত হইবে, যথা:—

"(৩২) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।";

(২) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলির পূর্বে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "উপ-নির্বাচন কমিশনারের" শব্দগুলির পরিবর্তে "আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর "একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) উপ-দফা (ইই) এর শেষ প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ দুইটি নৃতন উপ-দফা (ইইই) ও (ইইইই) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ইইই) রাজনৈতিক দলের মনোনীত মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

১৭। তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ এর পরিবর্তে নিম্নুপ তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ ও তফসিল-৫ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“তফসিল-২

[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]

মেয়র পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। ছাতা	১৪। তারা	২৭। কাঁঠাল	৪০। টেলিভিশন;
২। বাইসাইকেল	১৫। গোলাপ ফুল	২৮। চাবি	
৩। চাকা	১৬। মই	২৯। চেয়ার	
৪। গামছা	১৭। গরুর গাড়ি	৩০। হাত ঘড়ি	
৫। কাস্টে	১৮। ফুলের মালা	৩১। মিনার	
৬। নোকা	১৯। বটগাছ	৩২। রিঙ্গা	
৭। ধানের শীষ	২০। হারিকেন	৩৩। হাত পাখা	
৮। কবুতর	২১। আম	৩৪। মোমবাতি	
৯। কুঁড়ে ঘর	২২। খেজুর গাছ	৩৫। হস্তা	
১০। হাতুড়ি	২৩। উদীয়মান সূর্য	৩৬। কোদাল	
১১। কুলা	২৪। মাছ	৩৭। দেওয়াল ঘড়ি	
১২। লাঞ্জাল	২৫। বাষ	৩৮। হাত (পাঞ্জা)	
১৩। মশাল	২৬। গাড়ি	৩৯। ছড়ি	

“তফসিল-৩

[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]

মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। ক্রিকেট ব্যাট	৭। দিয়াশলাই
২। ঘোড়া	৮। ঝাঙ্ক
৩। চরকা	৯। বাস
৪। টেবিল ঘড়ি	১০। ময়ূর
৫। টেলিস্কোপ	১১। হরিণ
৬। ডিস এন্টেনা	১২। হাতি

“তফসিল-৪

[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। আনারস	৬। বই
২। প্লাস	৭। বেহালা
৩। চশমা	৮। মোবাইল ফোন
৪। জিপ গাড়ি	৯। স্টিল আলমারি
৫। ডলফিন	১০। হেলিকপ্টার

‘‘তফসিল-৫
[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। এয়ারকন্ডিশনার	৭। ট্রান্স্ট্র
২। করাত	৮। ঠেলাগাড়ি
৩। কাঁটা চামচ	৯। ব্যাডমিন্টন র্যাকেট
৪। ঘুড়ি	১০। মিষ্টি কুমড়া
৫। ঝুড়ি	১১। রেডিও
৬। টিফিন ক্যারিয়ার	১২। লাটিম
	„

নির্বাচন কমিশনের আদেশক্রমে
মোহাম্মদ আব্দুল্লাহ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd